গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ময়মনসিংহ

এবং

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

রূপকল্প ২০২১ বাস্তবায়ন, সবার জন্য মানসম্মত শিক্ষা ও কাঙ্খিত সময়ে মধ্যম আয়ের দেশে উত্তোরণের লক্ষ্যে যুগোপযোগী মানবসম্পদ সৃষ্টি এবং দারিদ্র মুক্ত বাংলাদেশ গড়ার প্রধান হাতিয়ার হিসেবে বিবেচনা করে জাতীয় শিক্ষানীতি ২০১০ ও ২০১২ বাস্তবায়ন মানসে আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ কর্তৃক বিগত ২০১৯, ২০২০, ২০২১ এবং ২০২২ সালে যথাক্রমে ২৮৮.৩৭ লক্ষ , ২৯০.৭৮ লক্ষ, ২৯৫.০৯ লক্ষ এবং ২৮.৫৪ লক্ষ পাঠ্যপুস্তক বিনামূল্যে সকল শিক্ষার্থীর মাঝে ১ জানুয়ারী মাসে বিতরণ করা হয় এবং ২০২১ সালের পাঠ্যপুস্তক বিতরণে অনেকক্ষেত্রে শিক্ষার্থীদের বাড়ীতে বই পৌছে দেওয়া হয়। ই-ফাইলিং চালু করা হয়ছে। শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি জাতীয় স্কুল ও মাদরাসা ক্রীড়া অনুষ্ঠান, সৃজনশীল মেধা অন্বেষণ ও জাতীয় শিক্ষা সপ্তাহ ইত্যাদি প্রতিযোগিতা আয়োজন ও বাস্তবায়ন সফলভাবে সম্পন্ন হচ্ছে। মহান মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন , বাল্যবিবাহ, মাদক ও জঙ্গীবাদ প্রতিরোধ, বৃক্ষরোপন সপ্তাহ উৎযাপন এবং নারী শিক্ষার গুরুত্ব বৃদ্ধির লক্ষ্যে সচেতনতা বৃদ্ধির জন্য সভা কর্মসূচীর আয়োজন করা হয়েছে। অনলাইন ক্লাশ কার্যক্রম স্কুল পর্যায়ে ২,০৬,০৮৬ টি এবং কলেজ পর্যায়ে ৩০,৯১৫টি প্রদান করা হয়েছে আপদকালীন সময়ে শিক্ষার্থীরা কৃষকদের ধানকাটায় অংশগ্রহণ, শিক্ষাপ্রতিষ্ঠানে মিডডে মিল চালু করণ, পুষ্টি কার্যক্রম, জেন্ডার সমতা ও প্রজনন স্বাস্থ্য সুরক্ষা, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধকে জানি প্রকল্পটি সুষ্ঠ ভাবে বাস্তবায়ন সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা অফিস সমুহের মনিটরিং ও ইভালুয়েশন জোরদার করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

শিক্ষার্থীদের স্বাস্থবিধি মান্য করে শিক্ষাক্রম অব্যাহত রাখাতে সহায়তা করা। কোভিড১৯ বাস্তবতায় বিকল্প শিক্ষাদান উদ্ভাবন করা। শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মনোবল দৃঢ় রাখতে সহায়তা প্রদান। পরিমার্জিত পাঠ্যসূচি সুষ্ঠুভাবে পরিচালনা করা। অনলাইন পরীক্ষা পদ্ধতি ও মূল্যায়ন উদ্ভাবন করা। ব্যবহারিক ক্লাশ এর ব্যাপারে পরিকল্পনা গ্রহণ করা। সকল প্রতিষ্ঠানে আইসিটি ল্যাব প্রতিষ্ঠা ও প্রয়োজনীয় কম্পিউটার সামগ্রী বিতরণ করা, শিক্ষা উপকরণ সরবরাহ ও ইন্টারনেট কানেকশন সহজীকরণ করা; প্রতিজন শিক্ষার্থীর জন্য এনড্রয়েট মোবাইল সেবা পাবার সুযোগ তৈরী করা। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে জেন্ডার বৈষম্য দূর করা সহ সকল বৈষম্যহীন একীভূত শিখন পরিবেশ নিশ্চিত করা। বঙ্গবন্ধু ও শেখ রাসেল কর্ণার স্থাপন। অংশীজনের সাথে সভা আয়োজন ও শিক্ষার্থীদের সকল প্রয়োজনীয়তা অর্জনে সহায়তা করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

শিক্ষার গুনগত মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য শিক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম অনলাইন ব্যবস্থাপনায় আনা , মাল্টিমিডিয়ার ব্যবহার এবং মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়নে শতভাগ নিশ্চিত করা। শিক্ষাক্রম বিস্তরণ ও ব্যবহার নির্দেশিকা , শিক্ষকদের বিষয়ভিত্তিক ট্রেনিং এর ব্যবস্থাসহ শিক্ষকদের দক্ষতা উন্নয়নে In House Tranining, IMS এবং সরকার গৃহিত বিভিন্ন প্রকল্পের কার্যক্রমের সফল বাস্তবায়ন করা। স্থানীয় উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাবসহ অন্যান্য সুবিধা বৃদ্ধিতে স্থানীয় শিক্ষানুরাগী ও বিত্তশালীদের উদ্বদ্ধকরণ। ই-পরীক্ষা পদ্ধতি প্রচলিত করতে গবেষণা পরিচালনা ও সম্ভাব্য কেন্দ্রে তা বাস্তবায়ন।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মাধ্যমিক শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ শতভাগ নিশ্চিতকরণের জন্য সম্ভাব্য ২৯২.৮২ লক্ষ পাঠ্যপুস্তক বিতরণ নিশ্চিত করা।
- মাঠ পর্যায়রে পরিদর্শনক্রমে Online ভর্ত্তি সহ প্রচলতি পদ্ধতি জোরদারকরণ; মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন, শিক্ষকদের বিষয় ভিত্তিক In House Tanining এর ব্যবস্থা জোরদার করণ।
- মহান মুক্তযুদ্ধের চেতনা জাগ্রতকরণ, বাল্যববিাহ, মাদক ও জঙ্গীবাদ প্রতিরোধ, বৃক্ষরোপন সপ্তাহ উদযাপন এবং নারী শিক্ষার গুরুত্ব বৃদ্ধির লক্ষে সচেতনতা বৃদ্ধিকরণ এবং সরকার কর্তৃক নির্দেশনা অনুযায়ী সমস্ত কার্যক্রম বাস্তবায়ন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ময়মনসিংহ

এবং

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২২ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

স্বাস্থ সুরক্ষা নিশ্চিত করে দক্ষ মানব সম্পদ তৈরি।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

মুক্তিযুদ্ধের চতেনায় উদ্বুদ্ধকরণ মানবীয় গুণাবলী সম্পন্ন, আধুনিক প্রযুক্তিনির্ভর, নৈতিকতাসমৃদ্ধ ও দেশপ্রেমিক দক্ষ জনশক্তি তৈরি।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. শিক্ষার গুণগত মানোন্নয়ন
২. মাঠ পর্যায়ের পরিদর্শনকার্যক্রম জোরদারকরণ
৩. দেশপ্রেম ও মহান মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রতকরণ, বাল্যবিবাহ, মাদক ও জঙ্গীবাদ প্রতিরোধে, বৃক্ষ রোপন সপ্তাহ উদযাপন এবং নারী শিক্ষার গুরুত্ব বৃদ্ধির লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি
৪. শিক্ষা প্রশাসনের দক্ষতা বৃদ্ধি

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ময়মনসিংহ অঞ্চলের মাধ্যমিক পর্যায়ের সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদ্রাসা) কারিগরি ভোকেশনাল কর্মকর্তা/কর্মচারীবৃন্দের জেলা/উপজেলা শিক্ষা অফিসের পি.আর.এল/পেনশন/সকল প্রকার ছুটি/জিপিএফ অগ্রিম ঋণ এবং অন্যান্য কাগজপত্রাদি মহাপরিচালক, মহোদয়ের দপ্তরে প্রেরণ।
২. অত্র অঞ্চলের মাধ্যমিক পর্যায়ের শিক্ষক/কর্মচারীদের বদলী।
৩. শতভাগ নিষ্ঠার সাথে নির্দেশনানুযায়ী অনলাইন এমপিও কার্যক্রম বাস্তবায়ন (স্কুল, কলেজ, মাদ্রাসা)।
৪. বাংলাদেশ জাতীয় স্কুল ও ক্রীড়া সমিতি ময়মনসিংহ অঞ্চলের খেলাধূলা কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন।
৫. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশিত সকল কার্যক্রমের ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন।
৬. IMS, PBM প্রোগ্রামের আওতায় সকল স্কুল এন্ড কলেজে তথ্য Validation ও তফসিলী বৃত্তি/উপবৃত্তি প্রদান।
৭. বাল্যবিবাহ, মাদক ও জঙ্গীবাদ প্রতিরোধ , নারী শিক্ষার গুরুত্বায়ন ও বৃক্ষরোপন উদযাপন সভা/সেমিনার/কর্মসূচী গ্রহণ।
৮. শিক্ষার্থীদের নৈতিকগুণাবলী বৃদ্ধি ও আলোকিত মানুষ গড়ার লক্ষ্যে লাইব্রেরীর ব্যবহারসহ ও পাঠভ্যাস ব্যবহার নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
৯. জাতীয় শিক্ষা সপ্তাহ ও সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার যথাযথ মর্যাদায় উদযাপন
১০. শিক্ষা প্রশাসন ও শ্রেণি শিক্ষকগণের সার্বিক মানোন্নয়নে যথাযথ প্রশিক্ষণ ও মনিটরিং কার্যক্রম জোরদার।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| শিক্ষাব্যবস্থাপনায় অনলাইন ভিত্তিক ক্লাস কার্যক্রমে মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন | বাৎসরিক অনলাইন ভিত্তিক ক্লাস কার্যক্রম সংখ্যা | সংখ্যা | ২০৬০৮৬ | ২১০০০০ | ১৫০০০০ | ১০০০০০ | ৮০০০০ | মাউশি | প্রতিষ্ঠান হতে তথ্য প্রাপ্ত |
| | মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন সংখ্যা | সংখ্যা | ১১৪৭ | ২৭৮১ | ২৮৬৩ | ২৯৪০ | ৩০৪০ | এটুআই, আইসিটি ডিভিশন ও মাউশি | জেলা শিক্ষা অফিস হতে প্রাপ্ত অনলাইন আপলোডকৃত তথ্য |
| শিক্ষকের দক্ষতা উন্নয়নের বিভিন্ন বিষয় ভিত্তিক ইন হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা | প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের সংখ্যা | সংখ্যা | ১৭৪ | ৫০০০ | ৫০০০ | ৬০০০ | ৬৫০০ | মাউশি | প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকের তালিকা |
| মাঠ পর্যায়ে প্রতিষ্ঠান পরিদর্শন | পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | সংখ্যা | ১৮০৯ | ৫০০০ | ৫৫০০ | ৬০০০ | ৬২০০ | মাউশি | পরিদর্শন প্রতিবেদন |
| দেশপ্রেম ও মহান মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রতকরণ, বাল্যবিবাহ, মাদক ও জঙ্গীবাদ প্রতিরোধে সাংস্কৃতিক পরিচর্চা বাড়ানো এবং প্রতি ক্ষেত্রে নারী শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধি। | ত্রৈমাসিক প্রতিবেদনের সংখ্যা | সংখ্যা | ০২ | ৪ | ৪ | ৪ | ৪ | মাউশি | জেলা শিক্ষা অফিস হতে আঞ্চলিক অফিসে প্রাপ্ত তথ্য ও আঞ্চলিক অফিসের পরিদর্শন সংখ্যা সামষ্টিক ভাবে |
| শিক্ষা প্রশাসনের দক্ষতা | ছাত্র ছাত্রীদের তফসীলি বৃত্তি ও উপবৃত্তি | সংখ্যা | ৪০০ | ৫০০ | ৫০০ | ৫২০ | ৫৫০ | মাউশি | আঞ্চলিক অফিস ও জেলা শিক্ষা শিক্ষা অফিস হতে প্রাপ্ত তথ্য |
| | শিক্ষার মান ও পরিবেশ উন্নয়নে প্রতিষ্ঠান প্রধানদের সাথে মতবিনিময় | সংখ্যা | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | আঞ্চলিক অফিস | অংশীজন হতে |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] শিক্ষার গুণগত মানোন্নয়ন | ২৫ | [১.১] এমপিও সংশ্লিষ্ট আবেদন নিস্পত্তি | [১.১.১] নিস্পত্তিকৃত | গড় | শতকরা | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.২] মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক শতভাগ বিতরণ নিশ্চিত করণ | [১.২.১] বিতরণকৃত পুস্তক সংখ্যা | সমষ্টি | লক্ষ | ৫ | ২৮৫.৩৭ | ২৮৮.৭৯ | ২৯১.৮২ | ২৮৪.৩৫ | ২৭৩.০৮ | ২৬৬.৮২ | ২৫৮.১৫ | ৩০১.০৯ | ৩০৪.৩৪ |
| | | [১.৩] শিক্ষাব্যবস্থাপনায় অনলাইন ভিত্তিক ক্লাস কার্যক্রম এবং মাল্টিমিডিয়ার ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন | [১.৩.১] মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ২৬৯২ | ১১৪৭ | ২৭৮১ | ২৬১২ | ২৪৬২ | ২৩৫০ | ১৬০০ | ২৮৬৩ | ২৯৪০ |
| | | [১.৪] বিদ্যালয়ে কৃতি ভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতির প্রবর্তন ও ISAS,IMS,PBM বাস্তবায়ন | [১.৪.১] প্রেরিত মাসিক প্রতিবেদন | সমষ্টি | ক্রমপুঞ্জিভূত | ৫ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | | [১.৫] শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা | [১.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৭৪ | ১৯১ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ৬০০ | ৭০০ |
| [২] মাঠ পর্যায়ের পরিদর্শনকার্যক্রম জোরদারকরণ | ২০ | [২.১] মাঠ পর্যায়ে অনলাইন প্রতিষ্ঠান পরিদর্শন | [২.১.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২০ | ৭২১০ | ১৮০৯ | ৬১০০ | ৫৭৪০ | ৫৩৫২ | ৫০০৪ | ৪০৯৫ | ৬৪৭০ | ৬৭৮৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] দেশপ্রেম ও মহান মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রতকরণ, বাল্যবিবাহ, মাদক ও জঙ্গীবাদ প্রতিরোধে, বৃক্ষ রোপন সপ্তাহ উদযাপন এবং নারী শিক্ষার গুরুত্ব বৃদ্ধির লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি | ১৩ | [৩.১] বঙ্গবন্ধুর অবদান এবং দেশপ্রেম ও মহান মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রতকরণ বিষয়ে কর্মকর্তা/কর্মচারী ও প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনা সভা | [৩.১.১] আয়োজিত মতবিনিময় সভা | সমষ্টি | সংখ্যা | ৮ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [৩.২] মাদক , জঙ্গীবাদ প্রতিরোধ বিষয়ে কর্মকর্তা/কর্মচারী ও প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনা সভা | [৩.২.১] আয়োজিত মতবিনিময় সভা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| [৪] শিক্ষা প্রশাসনের দক্ষতা বৃদ্ধি | ১২ | [৪.১] ছাত্র/ছাত্রীদের তফসিলি বৃত্তি ও উপবৃত্তি প্রদান | [৪.১.১] তফসিলি বৃত্তি ও উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী | সমষ্টি | সংখ্যা | ৭ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ০ | ১ | ১ |
| | | [৪.২] শিক্ষার মান ও পরিবেশ উন্নয়নে প্রতিষ্ঠান প্রধানদের সাথে মতবিনিময়। | [৪.২.১] আয়োজিত মত বিনিময় | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ময়মনসিংহ, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর হিসাবে আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ময়মনসিংহ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| আঞ্চলিক পরিচালক<br>আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ময়মনসিংহ | 22/6/2022<br>তারিখ |
| মহাপরিচালক<br>মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর | 22-06.22<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | CQ | Creative Question |
| ২ | IMS | Institution Management System |
| ৩ | ISAS | Institution Self-Assessment System |
| ৪ | MOE | Ministry Of Education |
| ৫ | MPO | Monthly Pay Order |
| ৬ | PBM | Performance Base Management |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] এমপিও সংশ্লিষ্ট আবেদন নিস্পত্তি | [১.১.১] নিস্পত্তিকৃত | উপজেলা মাধ্যমিক অফিসার , জেলা শিক্ষা অফিসার এবং অঞ্চলিক কার্যালয় | অগ্রায়ন পত্র, অনলাইন হতে নিস্পত্তিকৃত ডাটা |
| [১.২] মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক শতভাগ বিতরণ নিশ্চিত করণ | [১.২.১] বিতরণকৃত পুস্তক সংখ্যা | উপজেলা মাধ্যমিক অফিসার , জেলা শিক্ষা অফিসার এবং অঞ্চলিক কার্যালয় | অগ্রায়ন পত্র, মাঠ পর্যায় থেকে প্রেরিত দাপ্তরিক নথি |
| [১.৩] শিক্ষাব্যবস্থাপনায় অনলাইন ভিত্তিক ক্লাস কার্যক্রম এবং মাল্টিমিডিয়ার ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন | [১.৩.১] মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন সংখ্যা | শিক্ষাক্রম অনলাইন ভিত্তিক রূপদানের লক্ষ্যে মাল্টিমিডিয়ার ব্যবহার এবং মাল্টিমিডিয়া ভিত্তিক ক্লাসরুম বাস্তবায়ন | অগ্রায়ন পত্র ও মাঠ পর্যায় হতে প্রেরিত অনলাইন নথি |
| [১.৪] বিদ্যালয়ে কৃতি ভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতির প্রবর্তন ও ISAS,IMS,PBM বাস্তবায়ন | [১.৪.১] প্রেরিত মাসিক প্রতিবেদন | আঞ্চলিক অফিস,জেলা শিক্ষা অফিস ও মাধ্যমিক শিক্ষা অফিসের মাধ্যমে বাৎসরিক প্রতিবেদন সংগ্রহ | অগ্রায়ন পত্র, মাঠ পর্যায় হতে এন্ট্রিকৃত অনলাইন তথ্য |
| [১.৫] শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা | [১.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | শিক্ষাক্রম বিস্তরণ ও ব্যবহার নির্দেশিকা এবং শিক্ষকদের বিষয় ভিত্তিক ট্রেনিং এর ব্যবস্থা | অগ্রায়ন পত্র ও মাঠ পর্যায় হতে প্রেরিত দাপ্তরিক নথি |
| [২.১] মাঠ পর্যায়ে অনলাইন প্রতিষ্ঠান পরিদর্শন | [২.১.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান | অঞ্চলিক কার্যালয় | অগায়ণ পত্র ও মাঠ পর্যায় হতে প্রেরিত তথ্য |
| [৩.১] বঙ্গবন্ধুর অবদান এবং দেশপ্রেম ও মহান মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রতকরণ বিষয়ে কর্মকর্তা/কর্মচারী ও প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনা সভা | [৩.১.১] আয়োজিত মতবিনিময় সভা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস ও আঞ্চলিক শিক্ষা অফিস | অগ্রায়ন পত্র ও জেলা , উপজেলা হতে প্রেরিত তথ্য |
| [৩.২] মাদক , জঙ্গীবাদ প্রতিরোধ বিষয়ে কর্মকর্তা/কর্মচারী ও প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনা সভা | [৩.২.১] আয়োজিত মতবিনিময় সভা | অঞ্চলিক কার্যালয়, জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | অগ্রায়ণ পত্র, জেলা উপজেলা হতে প্রেরিত তথ্য |
| [৪.১] ছাত্র/ছাত্রীদের তফসিলি বৃত্তি ও উপবৃত্তি প্রদান | [৪.১.১] তফসিলি বৃত্তি ও উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী | আঞ্চলিক অফিস জেলা শিক্ষা অফিসের মাধ্যমে | মাউশি হতে নিদির্ষ্টকৃত ও অন লাইনে এন্ট্রিকৃত তথ্য |
| [৪.২] শিক্ষার মান ও পরিবেশ উন্নয়নে প্রতিষ্ঠান প্রধানদের সাথে মতবিনিময়। | [৪.২.১] আয়োজিত মত বিনিময় | আঞ্চলিক শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস ও মাধ্যমিক শিক্ষা অফিস | জেলা উপজেলা থেকে প্রেরিত তথ্য, রেজুলেশন, উপস্থিতিপত্র ও অগ্রায়ণ পত্র প্রেরণ |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক শতভাগ বিতরণ নিশ্চিত করণ | বিতরণকৃত পুস্তক সংখ্যা | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | নিয়মিত যোগাযোগ ও অগ্রগতি প্রতিবেদন গ্রহণ ও প্রেরণ , রেকর্ডপত্র সংরক্ষণ। |
| বঙ্গবন্ধুর অবদান এবং দেশপ্রেম ও মহান মুক্তিযুদ্ধের চেতনা জাগ্রতকরণ বিষয়ে কর্মকর্তা/কর্মচারী ও প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনা সভা | আয়োজিত মতবিনিময় সভা | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরন করা |
| মাদক , জঙ্গীবাদ প্রতিরোধ বিষয়ে কর্মকর্তা/কর্মচারী ও প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনা সভা | আয়োজিত মতবিনিময় সভা | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | মাদক , জঙ্গীবাদ প্রতিরোধ বিষয়ে কর্মকর্তা/কর্মচারী ও প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনা সভা |

**সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ**